

গীতালি

১৯

হৃদয় আমার প্রকাশ হ'ল
অনন্ত আকাশে ।
বেদন-বাঁশি উঠল বেজে
বাতাসে বাতাসে ।

৪৩৯

গীতালি

এই যে আলোর আকুলতা
আমারি এ আপন কথা,
উদাস হ'য়ে প্রাণে আমার
আবার ফিরে আসে।

বাইরে তুমি নানা বেশে
ফের নানান্ ছলে ;
জানিনে ত আমার মালা
দিয়েচি কার গলে।

আজ কি দেখি পরাণ-মাঝে,
তোমার গলায় সব মালা যে,
সব নিয়ে শেষ ধরা দিলে
গভীর সর্ববনাশে।
সেই কথা আজ প্রকাশ হ'ল
অনন্ত আকাশে ॥

১৩ ভাদ্র
স্বরূপ